852/2016

I 0855/16

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये Rs. 100

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

Q/N (16091) 5143/2016

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

U 607451

V.C. Case No. 38/2016

18.15
22/2/2016

Classical Hospitality Venture Co. Ltd
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory

(১/১০)

বিক্রয় কোবালা

জেলা - দক্ষিণ ২৪ পরগণা

থানা - রামনগর , মৌজা - সিংহলগঞ্জ আবাদ ,

(ক) তপশীল ভূমির পরিমান - ৭.৫ (সাত দশমিক পাঁচ শতক ) শতক

(খ) তপশীল ভূমির পরিমান - ০৪ (শূন্য চার ) শতক

(গ) তপশীল ভূমির পরিমান - ১৮ (আঠার ) শতক

মূল্য -৩.০০ (তিন দশমিক শূন্য শূন্য) টাকা

কোবালা গ্রহীতা - রাইজিং টাওয়ারস্ প্রাইভেট লিমিটেড ২০ ,এন.এস রোড ব্লক - এ ২য়তল, রুম নং - ১৫ , কোলকাতা - ৭০০০০১ , পোঃ ও থানা - বড়বাজার পক্ষে ডেপুটি ম্যানেজার প্রবীর কুমার বসু, পিতা - মৃত নৃপেন্দ্রনাথ বসু , জাতি - হিন্দু (ভারতীয়), পেশা - চাকুরী, সাং - রায়চক, পোঃ - মহেশ্বরা, থানা - রামনগর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, পিন নং -৭৪৩৩৬৮, প্যান নং - AADCR-7486D

Certified that the document is admitted to registration. The Signature Sheet/s and the endorsement Sheets attached with this document are the part of this document.

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

23 FEB 2016

ক্রমিক নং ........ মূল্য ........ টাঃ
ক্রেতার নাম ........
সাকিন ........
মারফত ........
কিঃ ........

ভেণ্ডার শ্রী গৌর ব্যানার্জ্জী
ডায়মণ্ডহারবার দেওয়ানী আদালত, দঃ ২৪ পরগণা

Classical Hospitality Venture Co. Ltd
Authorised Signatory

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas
অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রার, ডায়মণ্ড হারবার, দক্ষিণ ২৪ পরগণা
सत्यमेव जयते

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Debraj Day
S/o Shankar Lal Day
6C, Durgapur Lane
Chetla. Kolkata-700027

Classical Hospitality Venture Co. Ltd.
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory

<u>কোবালা দাতা</u> - ক্ল্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেড বিশ্বকর্মা বিল্ডিং , ৮৬ সি তপসিয়া রোড (সাউথ) , পোঃ ও থানা তপসিয়া , কোলকাতা - ৭০০০৪৬ পক্ষে এ.জি. এম. স্বরূপ পাল, পিতা - মৃত শশাঙ্কশেখর পাল জাতি - হিন্দু (ভারতীয়),পেশা - চাকুরী, সাং - বিশ্বকর্মা বিল্ডিং , ৮৬ সি তপসিয়া রোড (সাউথ) , পোঃ ও থানা তপসিয়া , কোলকাতা - ৭০০০৪৬

প্যান নং - **AADCC-2418C**

কস্য রায়তি স্বত্বের শালি ভূমি বিনা কোন নিয়মে বিনা ফেরতের চুক্তিতে একেবারে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে।

জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা - রায়নগর এ.ডি.এস.আর ডায়মন্ড হারবার পরগণা পেঁচাকুলী জে.এল নং - ৪৮ মৌজা - সিংহলগঞ্জ আবাদ গ্রামে নিম্নের (ক) ; (খ) ও (গ) তপশীলে বিশদভাবে বর্ণিত খতিয়ান ও দাগওয়ারী ২৯.৫ (ঊনত্রিশ দশমিক পাঁচ) শতক ভূম্যাদি অত্র বিক্রয় কোবালার বিক্রেয় সম্পত্তি হইতেছে।

নিম্নের (ক) তপশীল বর্ণিত ভূমি বিনোদ বিহারী জানার স্বত্বীয় খাস দখলী ভূম্যাদি ছিল। বিনোদ বিহারী জানা (ক) তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী ২৫-০৪-১৯৪৬ তারিখে

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



সম্পাদিত ও ০৩-০৫-১৯৪৬ তারিখে ডায়মন্ড হারবার সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৬৭১ নং দলিল মূলে দুঃখীরাম জানাকে বিক্রয় করেন। দুঃখীরাম জানা (ক) তপশীল বর্ণিত ভূমি ও তাহার পৈতৃক সূত্রে প্রাপ্ত ভূম্যাদি শরিকগণের সহিত আপোষে বিভাগ বন্টন করিয়া লয়েন এবং উক্ত বিভাগ বন্টনে দুঃখীরাম জানা (ক) তপশীল বর্ণিত ভূম্যাদি প্রাপ্ত হইয়া উহাতে স্বত্ববান ও দখলিকার থাকেন। দুঃখীরাম জানা (ক) তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী - ০৫-০৪-১৯৮২ তারিখে সম্পাদিত ডায়মন্ড হারবার সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ২২৬৮ নং দলিল মূলে মন্মথনাথ মন্ডলকে বিক্রয় করিলে তিনি (ক) তপশীল বর্ণিত ভূম্যাদিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে একপুত্র সঞ্জয় মন্ডল, এক স্ত্রী নমিতা মন্ডল দুইকন্যা অপর্ণা মন্ডল ও সুপর্ণা কয়ালকে ওয়ারিশ রাখিয়া মৃত হইলে উহারা (ক) তপশীল বর্ণিত ভূম্যাদি মন্মথ নাথ মন্ডলের ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে অত্র কোবালা দাতা ক্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেড কে বিগত ইংরাজী - ২৪-০৯-২০১৪ তারিখে সম্পাদিত ও ২০-১০-২০১৪ তারিখে ডায়মন্ড হারবার এ.ডি.এস.আর অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৮৪৬ নং কোবালা মূলে বিক্রয় করিলে কোবালা দাতা (ক)

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও দখলিকার হয়েন এবং (ক) তপশীল বর্ণিত ভূম্যাদি এল.আর জরিপে ৫৮৫ নং খতিয়ানে কোবালা দাতা ক্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেডের নামে ৩০২ নং দাগে ০৮ শতক উল্লেখে লিপি হইয়াছে।

নিম্নের (খ) তপশীল বর্নিত ভূম্যাদি সহ অপরাপর ভূম্যাদি চারুচন্দ্র গায়েনের স্বত্বীয় দখলি ভূম্যাদি ছিল। চারুচন্দ্র গায়েন (খ) তপশীল বর্ণিত ভূমি সহ অপরাপর ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী - ১৯-০৩-১৯৭৪ তারিখের সম্পাদিত ডায়মন্ড হারবার সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ২৬২৯ নং দানপত্র দলিল মূলে পুত্র সুধাংশু শেখর গায়েনকে দান করিলে সুধাংশু শেখর গায়েন উক্ত দান গ্রহণ করতঃ দানকৃত ভূম্যাদিতে স্বত্ববান ও দখলিকার হয়েন। সুধাংশু শেখর গায়েন (খ) তপশীল বর্ণিত ভূম্যাদিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইং - ২৫-০৯-১৯৮৯ তারিখের সম্পাদিত ও ডায়মন্ড হারবার এ.ডি.এস.আর অফিসে রেজিষ্ট্রীকৃত ৪১৬১ নং দলিল মূলে খ) তপশীল বর্ণিত দাগ হইতে ১৫ শতক ভূমি কানন চন্দ্র চাঁপাদারকে বিক্রয় করেন। কানন চন্দ্র চাঁপাদার (খ) তপশীল বর্ণিত দাগে তাহার খরিদা ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে (খ) তপশীল বর্ণিত ০৪ শতক ভূমি সুব্রত মন্ডলকে বিক্রয় করিলে সুব্রত মন্ডল (খ) তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd.
Authorised Signatory/IES.

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



দখলিকার থাকাকালে উক্ত (খ) তপশীল বর্ণিত ভূমি বিগত ইংরাজী - ২৮-০৮-২০১৪ তারিখের সম্পাদিত ও ০২-০৯-২০১৪ তারিখে ডায়মন্ড হারবার এ.ডি . এস .আর অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৪১৭ নং দলিল মূলে অত্র কোবালা দাতা ক্ল্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেড কে বিক্রয় করিলে উক্ত কোম্পানী (খ) তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও দখলিকার হয়েন এবং (খ) তপশীল বর্ণিত ভূম্যাদি এল.আর জরিপের ৫৮৫ নং খতিয়ানে কোবালা দাতা ক্ল্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেডের নামে লিপি হইয়াছে।

নিম্নের (গ) তপশীল বর্ণিত ভূমি সুধাংশু শেখর গায়েন তাহার ভ্রাতার নিকট হইতে বিগত ইং - ২০-০৩-১৯৭৩ তারিখের সম্পাদিত ও ২৪-০৩-১৯৭৩ তারিখে ডায়মন্ড হারবার সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৯৩২ নং কোবালা দলিল মূলে খরিদ করিয়া খরিদা ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকেন। সুধাংশু শেখর গায়েন (গ) তপশীল বর্ণিত ভূমিতে খরিদা সূত্রে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী- ১৩-০৩-১৯৮৯ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৯৯২ নং কোবালা দলিল মূলে ধীরেন্দ্র দাস কে বিক্রয় করেন। ধীরেন্দ্র দাস (গ) তপশীল বর্ণিত ভূমিতে স্বত্ববান ও দখলিকার থাকাকালে সুব্রত মন্ডলকে বিক্রয় করেন। সুব্রত মন্ডল (গ) তপশীল বর্ণিত ভূমি তে স্বত্ববান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী - ০১-০৯-২০১৪

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

**Addl. Dist. Sub-Registrar**
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd.
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



তারিখে সম্পাদিত ও ০৩-০৯-২০১৪ তারিখে ডায়মন্ড হারবার এ.ডি.এস.আর অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৪২৩ নং কোবালা দলিল মূলে আমাকে অর্থাৎ অত্র কোবালা দাতা ক্ল্যাসিক্যাল হসপিটালিটি ভেঞ্চার কোম্পানী লিমিটেড কে বিক্রয় করিলে অত্র কোবালা দাতা খরিদা সূত্রে উক্ত ভূম্যাদিতে স্বত্ববান ও দখলিকার আছেন এবং উক্ত কোম্পানীর নামে এল.আর.জুরিপে ৫৮৫ নং খতিয়ানে লিপি হইয়াছে।

এক্ষণে বৈধ সঙ্গত কারণে তপশীল বর্ণিত ভূম্যাদি আমি আমার কোম্পানীর পক্ষে বাজার যাচাই সর্বোচ্চ ৩.০০ (তিন দশমিক শূন্য শূন্য) টাকা পোনমূল্যে বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি আপনার কোম্পানীর পক্ষে উক্ত মূল্যে উহা খরিদ করিতে সম্মত হইলে আমি আমার কোম্পানীর পক্ষে আপনার নিকট হইতে আপনার কোম্পানীর পক্ষে উক্ত পোনমূল্য নগদ গ্রহণে (ক) , (খ) ও গ) তপশীল বর্ণিত ভূমির বাবদ আপনার কোম্পানীর নাম বরাবর অত্র বিক্রয় কোবালা লিখিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে (ক), (খ) ও (গ) তপশীল বর্ণিত ভূম্যাদিতে আমার কোম্পানীর যে সকল স্বত্ব সামিত্ব লভ্য অধিকার দখল ইত্যাদি রহিয়াছে তাহা অদ্য হইতে চিরতরে ধ্বংস প্রাপ্ত হইয়া আপনার কোম্পানীর অনুকূলে অর্শাইল। আপনি আপনার কোম্পানীর পক্ষে

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd.
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



আমার কোম্পানীর যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলিকার হইয়া মালিক সেরেস্তায় আমার কোম্পানীর নাম কর্ত্তনে আপনার কোম্পানীর নাম পত্তনে মালিক সরকারে সন সন করাদায়ে দাখিলা প্রাপ্তে স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয় , এওয়াজ ইত্যাদি যাবতীয় হস্তান্তরের ক্ষমতাযুক্তে যদৃচ্ছাক্রমে পরমসুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমার কোম্পানীর মায় স্থলাভিসিক্তগণের কাহারও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া রহিল না। যদি করি বা কেহ করে তাহা হইলে উহা সর্ব্ব আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

তপশীল বর্ণিত ভূম্যাদি আমার কোম্পানী কাহারও সহিত বিক্রয় বা হস্তান্তরের কোন চুক্তি করে নাই বা বিক্রয় বা হস্তান্তর করে নাই। উহা কোনস্থানে কোনভাবে দায়বদ্ধ বা ক্রোকাবদ্ধ করে নাই। উহা সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় আমার কোম্পানীর খাস দখলে থাকাকালীন আপনার কোম্পানীকে বিক্রয় করিলাম।

এতদার্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনা অনুরোধে অত্র বিক্রয় কোবালার মর্ম ও ফলাফল সম্যকরূপে অবগত থাকিয়া স্বেচ্ছায় স্বজ্ঞানে আমার কোম্পানীর পক্ষে আপনার কোম্পানীর নিকট হইতে পনমূল্যের সমূহ টাকা গ্রহণ করিয়া অত্র বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম। নিবেদন ইতি তাং -

২২ শে ফেব্রুয়ারী ২০১৬ সাল।

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

2 2 FEB 2016

Classical Hospitality Venture Pvt. Ltd.
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



**ঃঃ (ক) তপশীল সম্পত্তির বিবরণ ঃঃ**

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - রামনগর এ.ডি.এস.আর ডায়মন্ড হারবার পরগণা -পেঁচাকুলী , মৌজা - সিংহলগঞ্জ আবাদ, জে.এল নং - ৪৯ (ঊনপঞ্চাশ) , পূর্ব্বের তৌজি নং - ৪৪৩ (চার শত তেতাল্লিশ) বর্তমান তৌজি নং - ৩৭ (সাঁইত্রিশ) মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেটার দক্ষিণ ২৪ পরগণা অধীন বি.এল.এ্যান্ড .এল.আর ও ডায়মন্ড হারবার ২ , আর.এস জরিপের ১২৭ (এক শত সাতাশ) নং এল.আর জরিপের ৫৮৫ (পাঁচশত পঁচাশি) নং খতিয়ানের অন্তর্গত --

আর.এস ও এল.আর জরিপের ৩০২ ( তিন শত দুই ) দাগে শালি ১৫ শতক মধ্যে দক্ষিণাংশে ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতক।

**ঃঃ চৌহদ্দী ঃঃ**

**উত্তর** - ৩০২ দাগের ভূমি

**দক্ষিণ** - ৩০৫ দাগের ভূমি

**পূর্ব** - ৩০১ দাগের ভূমি

**পশ্চিম** - ৩০৩ দাগের ভূমি

**ঃঃ (খ) তপশীল সম্পত্তির বিবরণ ঃঃ**

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - রামনগর এ.ডি.এস.আর ডায়মন্ড হারবার পরগণা -পেঁচাকুলী ,মৌজা - সিংহলগঞ্জ আবাদ, জে.এল নং - ৪৯ (ঊনপঞ্চাশ) তৌজি নং - ৪৪৩ (চারশর তেতাল্লিশ) মালিক পশ্চিমবঙ্গ সরকার

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)
22 FEB 2016

Classical Hospitality Ventures Co. Ltd
Authorised Signatory

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory



পক্ষে কালেক্টার দক্ষিণ ২৪ পরগণা অধীন বি.এল.এ্যান্ড .এল.আর ও ডায়মন্ড হারবার ২ উক্ত মালিকের অধিনে সাবেক ৯ (নয়) নং খতিয়ানভুক্ত এল.আর জরিপে ৫৮৫ (পাঁচশত পঁচাশি) নং খতিয়ানের অর্ন্তগত -

আর.এস ও এল.আর ২৯৬ (দুই শত ছিয়ানব্বই) দাগে শালি ৪৭ (সাতচল্লিশ) শতক মধ্যে দক্ষিণাংশে ১৫ (পনের) শতক তন্মধ্যে ০৪ (শূন্য চার) শতক ।

ঃঃ চৌহদ্দী ঃঃ

**উত্তর** - ২৯৬ দাগের শালি ভূমি।

**দক্ষিণ** - ৩০০ দাগের শালি ভূমি।

**পূর্ব** - ২৯২ দাগের শালি ভূমি।

**পশ্চিম** - ২৯৮ দাগের শালি ভূমি।

**ঃঃ (গ) তপশীল সম্পত্তির বিবরণ ঃঃ**

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - রামনগর এ.ডি.এস.আর ডায়মন্ড হারবার পরগণা -পেঁচাকুলী ,মৌজা - সিংহলগঞ্জ আবাদ, জে.এল নং - ৪৯ (ঊনপঞ্চাশ) ৪৩৭ (চারশত সাঁইত্রিশ) নং তৌজির মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টার

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Classical Hospitality Venture Co. Ltd
Authorised Signatory/IES

RISING TOWERS PVT. LTD.
Authorised Signatory

(১০/১০)

দক্ষিণ ২৪ পরগণা অধীন বি.এল.এ্যান্ড .এল.আর ও ডায়মন্ড হারবার ২ উক্ত মালিকের অধিনে সাবেক ৯ (নয়) নং আর.এস জরিপে ৩১৭ (তিনশত সতের) নং এল.আর জরিপের ৫৮৫ (পাঁচশত পঁচাশি) নং খতিয়ানের অর্ন্তগত -

আর.এস ও এল.আর ২৯৯ (দুই শত নিরানব্বই) দাগে শালি ৩৬ (ছত্রিশ) শতক মধ্যে উত্তরাংশে ১৮ (আঠার ) শতক।

**ঃঃ চৌহদ্দী ঃঃ**

**উত্তর** - ২৯৭ দাগের শালি ভূমি।

**দক্ষিণ** - ৩০৪ দাগের শালি ভূমি।

**পূর্ব** - ২৯৯ দাগের শালি ভূমি।

**পশ্চিম** - গ্রাম্য রাস্তা

Classical Hospitality Venture Co. Ltd.
Authorised Signatory/IES

Arun Kumar Haldar
**Advocate**
**Diamond Harbour Civil Court & A.D.J. Court**
**Enolment No.-** F 720/709/86

ইসাদি

১) Arun Kumar Haldar
advocate
Civil Court, Diamond Harbour

২) শ্রীঅরুণকুমারনায়ক
পিতা:- ৺উপেন্দ্রনাথ নায়ক
গ্রাম+পো: মোয়াগোড়া গোবিন্দপুর, থানা-মগরাহাট
জেলা- দ: ২৪পরগনা,

***Computerised by :-***
Samya Sen Dam
***Falguni Press***

Seal of the Additional District Sub-Registrar, Diamond Harbour, South 24 Parganas

सत्यमेव जयते

Addl. Dist. Sub-Registrar
Diamond Harbour, 24 Pgs. (South)

22 FEB 2016

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I

Volume number 1609-2016, Page from 17574 to 17593

being No 160900855 for the year 2016.

Digitally signed by SOUMITRA MONDAL
Date: 2016.02.24 13:43:01 +05:30
Reason: Digital Signing of Deed.

Smondal.

(Soumitra Mondal) 24-Feb-16 1:43:00 PM

ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

OFFICE OF THE A.D.S.R. DIAMOND HARBOUR

West Bengal.

(This document is digitally signed.)